

বিএনপি-জামায়াত পাঁচ শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান পুড়িয়েছে

শিক্ষামন্ত্রী

■ টাঙ্গাইল প্রতিনিধি
 শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, পরীক্ষার সময় বিএনপি-জামায়াত হরতাল অবরোধ দিয়ে শিক্ষা ব্যবস্থাকে ক্ষণের পথে ঠেলে দিচ্ছে। তারা ৫ শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানে আগুন দিয়ে পুড়িয়ে দিয়েছে। গতকাল বুধবার দুপুরে টাঙ্গাইল জেলা পরিষদ চত্বরে মেধাবী শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

টাঙ্গাইল জেলা পরিষদের ডায়োজনে বৃত্তি প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা জ্যেষ্ঠাঙ্গী লীগের সাধারণ সম্পাদক ফজলুর রহমান খান ফারুক। বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য ছানোয়ার হোসেন, মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ড. মো. আলাউদ্দিন, টাঙ্গাইল পৌরসভার মেয়র সহিদুর রহমান খান মুক্তি প্রমুখ।

জেলা পরিষদের উদ্যোগে ২০১৩ সালের এসএসসি, এইচএসসি এবং সমমানের পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্ত এক হাজার ৩৬৫ মেধাবী শিক্ষার্থীর হাতে ৩১ লাখ ৩৩ হাজার ৫শ টাকার চেক তুলে দেন অতিথিরা।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের লক্ষ্য হচ্ছে বাংলাদেশে যুগোপযোগী নতুন শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা। যে শিক্ষায় শিক্ষিত হয়ে আজকের নতুন প্রজন্ম উন্নত ও আধুনিক বাংলাদেশ গড়ে তুলবে। এই লক্ষ্যেই আমরা বছরের প্রথম দিন শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়েছি। বিদ্যালয়গুলোতে শতভাগ শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করেছি। সূজনগীল পরীক্ষা পদ্ধতি চালু করেছি। নতুন শিক্ষানীতি প্রণয়ন করেছি।